

**অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) কার্যক্রম**

মন্ত্রণালয়/বিভাগের নাম: প্রতিরক্ষা মন্ত্রণালয়

মাসের নাম: জুলাই ২০১৯

মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
প্রতিরক্ষা মন্ত্রণালয়	২টি	---	---	২টি	<p>১। জনাব মোঃ আবুল বাসার, সহকারী আবহাওয়াবিদ এর বিরুদ্ধে জনাব মোঃ জমির উল্লাহ, অবসরপ্রাপ্ত নিরাপত্তা প্রহরী, ১ম শ্রেণীর আবহাওয়া পর্যবেক্ষণাগার, কুতুবদিয়া, কক্সবাজার কর্তৃক আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে গত ২৫ নভেম্বর ২০১৮ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয় তাঁর দপ্তরে জনাব মোঃ আবুল বাসার এর ব্যক্তিগতভাবে শুনানী গ্রহণ করেছেন। পরবর্তী তদন্ত কাজ সম্পাদনের লক্ষ্যে তদন্ত কর্মকর্তার নির্দেশ অনুযায়ী ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে জনাব বাসার ও জনাব জমির সাক্ষ্য প্রমাণসহ প্রতিরক্ষা মন্ত্রণালয়ে উপস্থিত হন। অভিযোগ তদন্তের ধারাবাহিক অংশ হিসেবে ১৭ জুলাই ২০১৯ তারিখ তদন্ত কর্মকর্তার উপস্থিতিতে স্বাক্ষরী হিসেবে জনাব মোঃ ইমাম উদ্দীন, সহকারী আবহাওয়াবিদ এর স্বাক্ষর গ্রহণ করা হয়।</p> <p>২। জি ই (আর্মি) এর অধীনে কর্মরত জেনারেটর অপারেটর মোঃ নাসির উদ্দিন এর বিরুদ্ধে স্ত্রী মেবিনা বেগমকে নির্যাতনসহ স্ত্রী ও কন্যাকে ভরনপোষণ না দেওয়ার ১টি অভিযোগ প্রতিরক্ষা মন্ত্রণালয় পাওয়া গিয়েছে। এ অভিযোগের পরিপ্রেক্ষিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ এর ৬.৩ (ছ) অনুচ্ছেদ অনুযায়ী অভিযোগের বিষয়ে তদন্ত করে ১০(দশ) কর্মদিবসের মধ্যে সুস্পষ্ট প্রতিবেদন প্রেরণের জন্য জি ই (আর্মি) মিরপুর সেনানিবাসকে অনুরোধ করা হয়েছে। উল্লেখ্য যে, ইতঃপূর্বে ভুলবশত: এমআইএসটিতে পত্র যোগাযোগ করা হয়েছিল। সম্প্রতি তারা জানিয়েছে, উল্লিখিত ব্যক্তি জি ই (আর্মি) এর অধীনে কর্মরত আছে।</p>



(আফিয়া খাতুন)

যুগ্ম সচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ফোন: ৯১১০২১২